বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 02 JUL 1988
পৃষ্ঠা ... 5 কলাম 3

02 JUL 1988

95

# শিক্ষাঙ্গন

## রাজাবাড়ী প্রাথমিক বিদ্যালয়ের সমস্যা

সাভার উপজেলা সদরে অবস্থিত প্রাথমিক বিদ্যালয়টির নাম রাজাবাড়ী সরকারী প্রাথমিক বিদ্যালয়। ১৯৭৯ ইং সালে স্থানীয় কিছু সংখ্যক সমাজহিতৈষী ব্যক্তির অক্লান্ত প্রচেষ্টায় উক্ত বিদ্যালয়টি বেসরকারী বিদ্যালয় হিসেবে প্রতিষ্ঠিত হয়েছিল। এলাকার জনগণের স্বতঃস্ফূর্তভাবে চাঁদা দান ও আর্থিক সহায়তায় বিদ্যালয়টি স্থাপিত হয়েছিল।

অতঃপর বিদ্যালয়টি সরকারীকরণের পূর্বে সাভার উপজেলা পরিষদ কর্তৃক আর্থিক বরাদ্দের মাধ্যমে ছাপড়া ঘরটি চার চালা টিনের ঘর করা হয় এবং সম্প্রসারিত করা হয়। এছাড়াও পর্যায়ক্রমে উপজেলা পরিষদ বিদ্যালয়টির ছাত্র সংখ্যাধিক্যের প্রতি লক্ষ্য রেখে কিছু কিছু সংস্কার কাজ সম্পন্ন করেছেন। কিন্তু শিক্ষা বিভাগ থেকে বিদ্যালয়টির জন্য কোন অনুদান বা আর্থিক সহায়তা পাওয়া যায়নি।

বর্তমানে উক্ত বিদ্যালয়টি সরকারী হলেও ছাত্র-ছাত্রীদের বসার বেঞ্চ, টুল এবং শিক্ষকদের বসার জন্য চেয়ারসহ বিভিন্ন আসবাবপত্র প্রয়োজনের তুলনায় অপ্রতুল। এ ছাড়া ছেলেমেয়েদের চিত্তবিনোদন ও ক্রীড়ানুষ্ঠানের জন্য কোন মাঠ নেই। এ জন্য বিদ্যালয়ের সামনে মাটি ভরাট করা একান্ত প্রয়োজন। মাঠের অভাব হেতু ছেলেমেয়েদের খেলাধুলায় বিঘ্ন সৃষ্টি হচ্ছে। তাছাড়া বহুবিধ সমস্যার মধ্যে পাঁচ শতাধিক অধ্যয়নরত ছাত্র-ছাত্রী বসার জন্য শ্রেণী কক্ষ, ব্ল্যাক বোর্ড, বেঞ্চ, টুল, চেয়ার ও প্রয়োজনীয় আসবাবপত্রের অভাব রয়েছে। বসার জায়গার অভাবে ছেলেমেয়েদের শ্রেণী কক্ষে ঠাসাঠাসি করে বসতে হয়। উক্ত বিদ্যালয়ে তিনজন শিক্ষিকা ও দু'জন শিক্ষক রয়েছেন। শিক্ষার মান মোটামুটি সন্তোষজনক।

তাই এলাকাবাসী ও অভিভাবক মহলের দাবী, উক্ত বিদ্যালয়টিকে দ্বিতল ভবনে রূপান্তরিতকরণ। বিষয়টির প্রতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দৃষ্টি দেবেন বলে আমরা আশা করি।

—আনোয়ার হোসেন পিন্টু।